

যায়যায়দিন

... 3 FEB 2013  
পৃষ্ঠা ... কলাম ...

### বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশ ভবন' হচ্ছে

স্বাধীন রিপোর্ট

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশ ভবন' স্থাপন করা হবে। বাংলাদেশ ও ভারতের প্রধানমন্ত্রীদের যৌথ ইশতেহার মোতাবেক পরিপ্রেক্ষিতে এ উদ্যোগ নেয়া হয়েছে। পুনিবার শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের পৌখরীর নেতৃত্বে তিন সদস্য প্রতিনিধিদল বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেছেন। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন- বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য ড. আতুল হাই শিবলি ও কলকাতায় নিযুক্ত বাংলাদেশের উপ-হাইকমিশনার আবেদা সুলতানা।

বাংলাদেশ প্রতিনিধিদল প্রস্তাবিত বাংলাদেশ ভবনের স্থান নির্ধারণ, ভবনের আকার, নকশা, নির্মাণের সম্ভাব্য ব্যয় ইত্যাদি বিষয় নিয়ে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেছেন।